

১৯ ছাত্রলীগ নেতাকে বহিষ্কার করল ভাসানী বিশ্ববিদ্যালয়

অনলাইন ডেস্ক

০৩ সেপ্টেম্বর ২০২৪, ০৫:৩৭ পিএম



টাঙ্গাইলের মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। পুরোনো ছবি

প্রতিহিংসামূলক কার্যকলাপের অভিযোগে টাঙ্গাইলের মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি মানিক শীলসহ ১৯ নেতাকর্মীকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

আজ মঙ্গলবার রিজেন্ট বোর্ডের সভায় অনুমোদনের পর বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার ড. মো. তৌহিদুল ইসলাম স্বাক্ষরিত এক অফিস আদেশে এ ঘোষণা দেওয়া হয়। বহিষ্কৃতদের চলতি সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণসহ সকল একাডেমিক কার্যক্রমে অংশগ্রহণ, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রবেশ ও হলে অবস্থান নিষিদ্ধ করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক এআরএম সোলায়মান জানান, এর আগে সাধারণ শিক্ষার্থীদের দায়ের করা অভিযোগের পরিপ্রেক্ষিতে একটি ফ্যাক্ট ফাইন্ডিং কমিটি গঠন করা হয়। ওই কমিটি পরে অভিযোগকারী ও অভিযুক্তদের

সাক্ষাৎকার নেওয়ার পর পুঙ্খানুপুঙ্খভাবে বিশ্লেষণ করে শৃঙ্খলা বোর্ডের সভায় বিভিন্ন বিভাগের ওই ১৯ শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কারের সুপারিশ করে।

তিনি আরও জানান, এটি সাময়িক ব্যবস্থা। প্রয়োজনীয় তদন্ত সাপেক্ষে যথাসময়ে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।